

ত্রিৰিথ ১. ৬. MAR-2007--

পৃষ্ঠা ৮২ কলাম

৩

স্কাউটসের জাতীয় কাউন্সিলে প্রেসিডেন্ট দক্ষ মানবসম্পদ তৈরির জন্য শিশু কিশোরদের দিকে দৃষ্টি দিতে হবে

গাজীপুর প্রতিনিধি

প্রেসিডেন্ট প্রফেসর ইয়াজউদ্দিন আহমেদ
বলেছেন, বিশ্বায়নের চ্যালেঞ্জ মোকাবেলায়
দক্ষ মানবসম্পদ তৈরির জন্য শিশু-
কিশোরদের দিকে দৃষ্টি দিতে হবে। তাদের
শিক্ষা, বাস্থ, পৃষ্ঠা, আদর-ভালোবাসা দিয়ে
গড়ে তুলতে হবে। তিনি বলেন, শিশু-
কিশোরদের মধ্যে দেশপ্রেম, মূল্যবোধ,
আচ্ছাদণের গুণবলী সৃষ্টি করতে হবে,
যাতে তারা মানবতাবোধে উজ্জীবিত হয়ে
দেশ ও আর্ত মানবতার উৎসর্গ করে।

সেবায় নিজেদের উৎসর্গ করে।

দক্ষ মানবসম্পদ তৈরি

(শেষ পৃষ্ঠার পর)

করতে পারে। তিনি গতকাল বৃহস্পতিবার
সকালে গাজীপুরের মৌচাকে জাতীয়
স্কাউট প্রশিক্ষণ কেন্দ্রে বাংলাদেশ
স্কাউটসের ৩৫তম জাতীয় কাউন্সিলের
উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে
এসব কথা বলেন।
অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ
স্কাউটসের সভাপতি ড. শাহ মোহাম্মদ
ফরিদ। স্বাগত বক্তব্য রাখেন বাংলাদেশ
স্কাউটসের প্রধান জাতীয় কমিশনার
মুহাম্মদ ফজলুর রহমান।
প্রেসিডেন্ট ইয়াজউদ্দিন বলেন, আমদের
যুবকদের বয়েছে বহুমুখী প্রতিভা। এর
বিকাশের জন্য প্রয়োজন সঠিক প্রশিক্ষণ ও
দিকনির্দেশনা। শৈশব ও কৈশোরকাল
থেকেই এদের মধ্যে স্কাউটের মহান আদর্শ
পৌছে দিতে হবে, যাতে তারা
পরবর্তীকালে আদর্শ নাগরিক হিসেবে
গড়ে উঠতে পারে। তিনি বলেন, আমরা
চাই একটা আনন্দিক সমাজ ব্যবস্থা,
যেখান থেকে ধর্মাবাহিকভাবে দক্ষ
মানবসম্পদ বেরিয়ে আসবে। আমদের
প্রতিটি উন্নয়ন ও অগ্রগতির কেন্দ্রবিন্দুতে
থাকবে এসব দক্ষ জনশক্তির মেধা, মনন
ও সৃজনশীলতা।

এর আগে প্রেসিডেন্ট ও চিফ স্কাউট
প্রফেসর ইয়াজউদ্দিন আহমেদ সকাল
১১টায় সভাহলে পৌছলে স্কাউটসের
প্রধান জাতীয় কমিশনার মুহাম্মদ ফজলুর

রহমান প্রধান অতিথিকে স্কার্ফ প্রদান
করেন।
প্রধান অতিথি আনুষ্ঠানিকভাবে কাউন্সিল
সভা উদ্বোধনের পর স্কাউটিংয়ে অনন্য
অবদান রাখার জন্য দেশ-বিদেশের ১১
বিশিষ্ট ব্যক্তিকে স্কাউটিংয়ের আয়োজন
রোপ্য বাষ ও রোপ্য ইলিশ দেয়া হয়।
এদের মধ্যে সাবেক জাস্টিস মোস্তফা
কামাল, গ্রামীণ ব্যাংকের ব্যবস্থাপনা
পরিচালক প্রফেসর ড. মুহাম্মদ ইউনুস,
স্বয়র এন্পের চেয়ারম্যান স্যামসন এইচ
চোধুরী, নর্থ সাউথ ইউনিভার্সিটির
প্রেসিডেন্ট রেটারিয়ান ইফতেখারুল
আলম, মালয়শিয়ান নাগরিক মি. এরিক
খে ও মালদ্বীপের নাগরিক আবদুল্লাহ
রশিদকে রোপ্য বাষ এবং স্কাউটসের
সাবেক জাতীয় কমিশনার প্রফেসর
মাহবুবুল আলম, বাংলাদেশ স্কাউটসের
জাতীয় উপকমিশনার অ্যাডভোকেট
মুহাম্মদ আমির হোসেন, মালিতা আঞ্চলিক
উপকমিশনার প্রফেসর এ টি এম শামসুর
রহমান, বাংলাদেশ স্কাউটসের টাসাইল
জেলার সম্পাদক করণা কিফর চক্রবর্তী ও
বাংলাদেশ রেলওয়ের সাবেক
মহাপরিচালক সুলতান আহমেদকে রোপ্য
ইলিশ পদক দেয়া হয়।

পরে প্রেসিডেন্ট জাতীয় স্কাউট প্রশিক্ষণ
কেন্দ্রে অনুষ্ঠিত পাচদিনব্যাপী চতুর্থ জাতীয়
(শতবর্ষ) সংজ্ঞা স্কাউট ক্যাম্প পরিদর্শন ও
ইয়ুথ পার্লায়েট অধিবেশনে যোগ দেন।